

ঘোষণা দেওয়ার পরও নড়াইলের মির্জাপুর ইউনাইটেড ডিগ্রি কলেজে শিক্ষা কার্যক্রম রোববার শুরু হয়নি। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের গলায় জুত মাস ধরে বন্ধ। কলেজের গভর্নিং বডি (জিবি) শিক্ষা কার্যক্রম শুরুর সিদ্ধান্ত নিলেও লোহাগড়া উপজেলার দিঘলিয়ায় হিন্দু মন্দির ও বাড়িঘরে হামল

কলেজের জিবির সভাপতি অ্যাডভোকেট অচীন চক্রবর্তী বলেন, রোববার কলেজ খোলার কথা ছিল। নোটিশও দেওয়া হয়েছিল। কিন্তু পারিপার্শ্বিক কারণে তা পেছানো হয়েছে। জেলা প্রশাসক হাবিবুর রহমান বলেন, বর্তমান পরিস্থিতি বিবেচনায় এ সপ্তাহে কলেজ খোলা হবে না। কলেজের পরিচালনা পর্ষদের সঙ্গে আলোচনা করে আগামী বুধবার কলেজ খোলা হতে পারে।

এদিকে, এ মুহূর্তে কলেজে ফিরতে চান না ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাস। কলেজে যেতে তিনি ভরসা পাচ্ছেন না বলে জানিয়েছেন পরিবাসিক ডিষ্টোরিয়া কলেজের বাংলা বিভাগের স্নাতক (সম্মান) প্রথমবর্ষের ছাত্রী শ্যামা রানী বিশ্বাস জানান, আমার বাবা বাড়িতে আসতে নিরাপদ মনে নিরাপদ নয়। আমরাও শতভাগ নিরাপদ মনে করছি না। তাই আমরা ঘরের বাইরে বের হই না। দ্বিতীয় মেয়ে এসএসসি পরীক্ষার্থী জুই বিশ্বাস ও অপর ছাত্রী নিরাপত্তার অভাবে প্রাইভেট পড়তেও যেতে পারি না। স্কুল খুললে ক্লাসে যাব না।

উল্লেখ্য, ১৭ জুন ধর্ম অবমাননার অভিযোগে কলেজের একাদশ শ্রেণির এক ছাত্রকে গ্রেফতার ও তাৎক্ষণিক বহিষ্কারের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসের লোক হওয়ায় ওই ছাত্রকে রক্ষার চেষ্টা করছেন বলে অধ্যক্ষের বিরুদ্ধে গুজব রটানো হয়। অভিযুক্ত ছাত্রের সঙ্গে অধ্যক্ষ স্বপনের বিবাহিত স্ত্রী পুলিশের সঙ্গে উত্তেজিত জনতার দফায় দফায় সংঘর্ষ হয়। বিক্ষুব্ধ জনতা কলেজের অধ্যক্ষসহ হিন্দু শিক্ষকদের তিনটি মোটরসাইকেল পুড়িয়ে দেয়। অভিযুক্ত ছাত্রের পাশাপাশি ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসের গলায়ও জুতার মালা পরিয়ে লাঞ্চিত করে।